বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

এফই সার্কুলার নং-৩১

ভাদ্র ০২, ১৪২৪
তারিখ ঃ -----------------
আগষ্ট ১৭, ২০১৭

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার।

**২০১৭-২০১৮ অর্থবছরে রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

দেশের রপ্তানি বাণিজ্যকে উৎসাহিত করার লক্ষ্যে সরকার চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে কতিপয় পণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত সিদ্ধান্তের সূত্রে জুলাই ০১, ২০১৭ হতে জুন ৩০, ২০১৮ তারিখ পর্যন্ত জাহাজীকৃত নিম্নোক্ত পণ্যগুলো রপ্তানির বিপরীতে প্রতিটির পার্শ্বে উল্লিখিত হারে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা পরিশোধ্য হবে ঃ

| ক্রমিক নং | রপ্তানি পণ্যের নাম | প্রযোজ্য হার |
|---|---|---|
| ১. | রপ্তানিমুখী দেশীয় বস্ত্রখাতে শুল্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাক এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা | ৪.০০% |
| ২. | বস্ত্র খাতের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধা (প্রচলিত নিয়মের) | ৪.০০% |
| ৩. | নতুন পণ্য/নতুন বাজার (বস্ত্র খাত) সম্প্রসারণ সহায়তা (আমেরিকা/কানাডা/ইইউ ব্যতীত) | ৩.০০% |
| ৪. | ইউরো অঞ্চলে বস্ত্রখাতের রপ্তানিকারকদের জন্য বিদ্যমান ৪% এর অতিরিক্ত বিশেষ সহায়তা | ২.০০% |
| ৫. | হোগলা, খড়, আখের ছোবড়া ইত্যাদি দিয়ে হাতের তৈরী পণ্য রপ্তানি খাতে নগদ সহায়তা | ২০.০০% |
| ৬. | কৃষিপণ্য (শাকসব্জি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রসেসিং) কৃষিপণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ৭. | গরু মহিষের নাড়ি, ভুঁড়ি, শিং ও রগ (হাড় ব্যতীত) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৮. | হাল্কা প্রকৌশল পণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |
| ৯. | ১০০% হালাল মাংস রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১০. | হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানি খাতে নগদ সহায়তা ঃ<br>(ক) হিমায়িত চিংড়ি রপ্তানিতে বরফ আচ্ছাদনের হার<br>Up to 20%<br>Above 20% to 30%<br>Above 30% to 40%<br>Above 40%<br>(খ) হিমায়িত অন্যান্য মাছ রপ্তানিতে বরফ আচ্ছাদনের হার<br>Up to 20%<br>Above 20% to 30%<br>Above 30% to 40%<br>Above 40% | <br><br>১০.০০%<br>৯.০০%<br>৮.০০%<br>৭.০০%<br><br>৫.০০%<br>৪.০০%<br>৩.০০%<br>২.০০% |
| ১১. | চামড়াজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ সহায়তা | ১৫.০০% |
| ১২. | সাভারে চামড়া শিল্প নগরীতে স্থানান্তরিত শিল্প প্রতিষ্ঠান হতে ‘ক্রাস্ট’ ও ‘ফিনিশড’ লেদার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ১৩. | জাহাজ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ১৪. | আলু রপ্তানি খাতে নগদ সহায়তা | ২০.০০% |
| ১৫. | পেট বোতল-ফ্লেক্স রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ১৬. | ফার্নিচার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |
| ১৭. | শস্য ও শাক সবজি-এর বীজ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১৮. | পাটকাঠি থেকে উৎপাদিত কার্বন রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১৯. | প্লাস্টিক দ্রব্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২০. | দেশে উৎপাদিত কাগজ ও কাগজ জাতীয় দ্রব্য রপ্তানিতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২১. | আগর ও আতর রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ২২. | পাটজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ ভর্তুকি ঃ<br>ক) বৈচিত্রকৃত পাট পণ্য (Diversified Jute Products)<br>খ) পাটজাত চূড়ান্ত দ্রব্য (হেসিয়ান, সেকিং ও সিবিসি)<br>গ) পাট সুতা (ইয়ার্ন ও টোয়াইন) | <br>২০.০০%<br>১০.০০%<br>৫.০০% |

চলমান পাতা-২

২। পূর্বোক্ত পণ্যগুলো ছাড়াও নিম্নোক্ত রপ্তানি পণ্যে ২০১৭-১৮ অর্থ বছর হতে নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে ঃ

| ক্রমিক নং | রপ্তানি পণ্যের নাম | প্রযোজ্য হার |
|---|---|---|
| ১. | বাংলাদেশ হতে সফটওয়্যার, আইটিইএস (Information Technology Enabled Services) ও হার্ডওয়্যার রপ্তানির বিপরীতে নগদ সহায়তা | ১০.০০% |
| ২. | সিনথেটিক ও ফেব্রিকস এর মিশ্রণে তৈরী পাদুকা রপ্তানির বিপরীতে নগদ সহায়তা | ১৫.০০% |
| ৩. | Active Pharmaceuticals Ingredients (API) রপ্তানির বিপরীতে নগদ সহায়তা | ২০.০০% |
| ৪. | অ্যাকুমুলেটর ব্যাটারী (H.S Code: 8507.10 এবং 8507.20) রপ্তানির বিপরীতে নগদ সহায়তা | ১৫.০০% |
| ৫. | নারিকেল ছোবড়ার আঁশ দ্বারা উৎপন্ন পণ্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা | ২০.০০% |

উপরোক্ত পণ্য রপ্তানি খাতে সার্কুলার জারী হওয়ার পর থেকে নগদ সহায়তা গ্রহণ করা যাবে।

৩। এছাড়া ২০১৭-১৮ অর্থ বছর হতে জাহাজীকৃত পণ্যের ক্ষেত্রে কতিপয় খাতের রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা প্রদানে নিম্নোক্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত/সংশোধন হবে ঃ

ক) হাল্কা প্রকৌশল পণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি প্রদানের ক্ষেত্রে ৫০ শতাংশের অধিক মূল্য সংযোজনের শর্তের পরিবর্তে ৪০ শতাংশের বেশী মূল্য সংযোজনের শর্ত প্রযোজ্য হবে।

খ) চামড়াজাত দ্রব্যাদি রপ্তানির বিপরীতে সিলিং সীমা নিম্নোক্ত হারে পুনঃনির্ধারিত হবে।

| ক্রমিক নং | রপ্তানি পণ্যের নাম | মার্কিন ডলার |
|---|---|---|
| ১. | ব্যাগ (Bag) | ৪৫.০০ |
| ২. | বুট ও পাদুকা (Boots and shoes) | ৩৫.০০ |
| ৩. | স্যান্ডেল (Sandal) | ২০.০০ |
| ৪. | মানিব্যাগ (Money bag) | ৩০.০০ |
| ৫. | ভ্যানিটি ব্যাগ (Purse) | ৩৫.০০ |
| ৬. | বেল্ট (Belt) | ২৫.০০ |

উল্লেখ্য, এইচ এস কোড বা পণ্যের বর্ণনায় একই ধরনের পণ্যের ক্ষেত্রে পণ্যটি কোন সিলিং এর আওতাভুক্ত তা সনাক্ত করা সম্ভব না হলে নিম্ন সিলিং সীমার ভিত্তিতে নগদ সহায়তা হিসাবায়ন করতে হবে।

৪। রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে এফই সার্কুলার নম্বর ২৪, তারিখ সেপ্টেম্বর ২০, ২০১৬ এ বর্ণিত প্রযোজ্য শর্তসহ সকল এফই সার্কুলার/সার্কুলারপত্রের প্রযোজ্য অপরাপর নির্দেশনাসমূহ যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদ্মর্মে অবহিতকরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ আব্দুল মান্নান)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৩১৯